গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

# বিসিএস (সাধারণ) শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের বদলি/পদায়ন নীতিমালা, ২০২৬

১.০ বিসিএস (সাধারণ) শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের বদলি/পদায়নের আবেদন দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে এই নীতিমালা জারি করা হলো।

২.০ **নীতিমালার আওতা:**

২.১ বিভিন্ন সরকারি কলেজে কর্মরত শিক্ষক/কর্মকর্তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ও প্রশাসনিক প্রয়োজনে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

২.২ সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন শিক্ষক/কর্মকর্তাকে যে কোন পদে/কর্মস্থলে বদলি/পদায়ন করতে পারবে।

৩.০ **বদলি আবেদনের পদ্ধতি ও সাধারণ শর্তাবলি:**

৩.১ বদলি/পদায়নের আবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজ-পত্রাদি দাখিল করতে হবে।

৩.২ ক) নবনিয়োগপ্রাপ্ত প্রভাষকগণ চাকরি দু'বছর পূর্ণ হওয়ার পূর্বে বদলির জন্য আবেদন করতে পারবেন না;
খ) অন্যান্য শিক্ষক/কর্মকর্তাগণ একই কর্মস্থলে ০২ (দুই) বছর পূর্ণ হওয়ার পূর্বে অন্যত্র বদলির জন্য আবেদন করতে পারবেন না; তবে কোন গুরুতর শারীরিক/মানসিক/পারিবারিক পরিস্থিতির কারণে ক্ষেত্র বিশেষে ০২ (দুই) বছর পূর্ণ হবার পূর্বে আবেদন করা যাবে। যৌক্তিকতা সাপেক্ষে আবেদন বিবেচনার এখতিয়ার সরকারের থাকবে।

৩.৩ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রী'র কর্মস্থলে/নিকটতম শিক্ষা প্রতিষ্ঠানে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। সরকার এই বিষয় বিবেচনায় নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে;

৩.৪ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন কর্মকর্তা/শিক্ষক তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;

৩.৫ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন দাখিল করলে এবং পিডিএস হালনাগাদ না থাকলে বদলির আবেদন বিবেচনা করা হবে না;

৩.৬ বদলির আবেদন মূল্যায়ণে আবেদনকারীর ব্যক্তিগত ও পারিবারিক সমস্যা, পেশাগত সমস্যা, আবেদনকারী বা তার পরিবারের সদস্যদের দূরারোগ্য অসুস্থতা, নিজ জেলা হতে কর্মস্থলের দূরত্ব ইত্যাদি বিষয়সমূহ বিবেচনা করা হবে।

৪.০ **আবেদন নিষ্পত্তি:**

৪.১ বদলির জন্য প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালায় বর্ণিত কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বদলি/পদায়নের আদেশ জারি করবে;

৪.২ উপজেলা/প্রত্যন্ত অঞ্চলের কলেজসমূহের শূন্য পদে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করা হবে।

৫.০ **বদলি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি :**

**ক. সরকারি কলেজের প্রভাষক/সহকারী অধ্যাপক পদে বদলি/পদায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল ভিত্তিক কমিটি নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত হবে:**

| ক্রমিক | কমিটি'র সভাপতি/ সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চলের পরিচালক | সভাপতি |
| ২ | সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের কলেজ ইন্সপেক্টর | সদস্য |
| ৩ | সংশ্লিষ্ট জেলার এডিসি (শিক্ষা) | সদস্য |
| ৪ | সংশ্লিষ্ট অঞ্চলের সহকারী পরিচালক (কলেজ) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

দপ্তর ও সংস্থার পদ ব্যতীত সংশ্লিষ্ট অঞ্চলের প্রভাষক/সহকারী অধ্যাপক পদে বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে বদলি/পদায়নের আদেশ জারি করবে।

**খ. সরকারি কলেজের সহযোগী অধ্যাপক পদে বদলি/পদায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কমিটি নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত হবে:**

| ক্রমিক | কমিটি'র সভাপতি/সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২ | কলেজ ইন্সপেক্টর, ঢাকা শিক্ষা বোর্ড | সদস্য |
| ৩ | উপসচিব (কলেজ ২/১) | সদস্য |
| ৪ | সহকারী পরিচালক ( কলেজ) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি** : ঢাকা মহানগর, দপ্তর, সংস্থা পদ ব্যতীত সহযোগী অধ্যাপক পর্যায়ের শিক্ষক/ কর্মকর্তাদের বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে বদলি/পদায়নের আদেশ জারি করবে।

**গ) সহযোগী অধ্যাপক, অধ্যাপক, অধিদপ্তর, দপ্তর ও সংস্থার সকল পদ, কলেজের অধ্যক্ষ/ উপাধ্যক্ষ পদে বদলি/পদায়নের জন্য মন্ত্রণালয়ের কমিটি নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত হবে:**

| ক্রমিক | কমিটি'র সভাপতি/সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (কলেজ) | সদস্য |
| ৪ | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা) | সদস্য |
| ৫ | উপসচিব (কলেজ-১/২) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

সহযোগী অধ্যাপক, অধ্যাপক, অধিদপ্তর, দপ্তর ও সংস্থার সকল পদ, কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলি/পদায়ন সংক্রান্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক বদলি/পদায়নের আদেশ জারি করবে;

৬.০ বিবিধ:

৬.১ সংযুক্তি/ওএসডি করার ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষণ করবে;

৬.২ বিভাগীয় মামলা চলমান বা অভিযোগ তদন্তাধীন থাকলে কোন আবেদনকারীর আবেদন বিবেচনাযোগ্য হবে না;

৬.৩ অসম্পূর্ণ তথ্য সম্বলিত ও পিডিএস হালনাগাদ না থাকলে আবেদন বিবেচনাযোগ্য হবে না।

৬.৪ বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুযায়ী চাকুরিকাল সন্তোষজনক হতে হবে;

৬.৫ সরকারি কলেজের শিক্ষকগণের প্রেষণাদেশ মঞ্জুরীর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হবে;

৬.৬ এ নীতিমালা জারির তারিখ হতে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
২৬.০৭.২০২৬
(আবদুল খালেক)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০২৫-২৭৫

তারিখ ১১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. অধ্যক্ষ, ........................................................(সকল);
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)............
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
১২. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩. পিও টু অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. অফিস কপি।

26/07/26
(মো: আ: কুদ্দূস)
উপসচিব